

প্রবেশপত্র না পেয়ে বদরগঞ্জ কলেজে ভাংচুর

রংপুর সংবাদদাতা । প্রবেশপত্র না পাওয়ায় বদরগঞ্জ উপজেলার দাশমীদির পীরলাল কলেজের বিদ্যুৎ ছাত্রেরা গত বৃহস্পতিবার কলেজে ভাংচুর ও বদরগঞ্জ-তালগঞ্জ সড়ক দেড় ঘন্টা অবরোধ করে রাখে। প্রবেশপত্র না পাওয়ায় কলেজের ১২ জন পরীক্ষার্থী এবার এইচএসসি পরীক্ষায় অংশ নিতে পারেনি। জানা যায়, এই কলেজের ১৭ জন ছাত্রছাত্রী এইচএসসি পরীক্ষায় ফরম পূরণ করে। অধ্যক্ষ পেরার আলী প্রবেশপত্র না আসার ব্যাপারে কোন সম্ভব নিতে পারেননি। তিনি বলেন, প্রবেশপত্র না আসলে আমার করার কিছুই নেই। কলেজ ভাংচুরের ব্যাপারে অধ্যক্ষ থানায় জিডি করেছেন।